গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ-পরিবহন মন্ত্রণালয়
পরিকল্পনা-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

নথি নং-১৮.০২৪.০১৪.০০৪.০২০.২০১৪/৭৬ তারিখঃ ১৫/০৩/২০১৭ খ্রিঃ

**বিষয় ঃ নৌ-পরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের ২০১৬-২০১৭ অর্থ বছরের এডিপিভূক্ত এবং সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প সমূহের ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

বিগত ১৬/০২/২০১৭ তারিখে নৌ-পরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব শাজাহান খান এমপি এর সভাপতিত্বে অনুষ্ঠিত অত্র মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের ২০১৬-২০১৭ অর্থ বছরের এডিপিভূক্ত উন্নয়ন প্রকল্পের ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতদ্‌সংঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ ০৩ (তিন) পাতা।

Harun-ar-Rashid ১৫/৩/১৭
মোঃ হারুন-অর-রশিদ
সহকারী প্রধান
ফোনঃ-৯৫১৪৪৭৬
ac.plann5@mos.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরে-বাংলা নগর, ঢাকা (দৃঃ আঃ উপ-সচিব/উপ-প্রধান, ইউ এন- ৩)।
৩। সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন/বাণিজ্যিক/উন্নয়ন), নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। চেয়ারম্যান, মংলা বন্দর কর্তৃপক্ষ, মংলা,বাগেরহাট।
৬। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর ভবন, চট্টগ্রাম।
৭। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ৫নং দিলকুশা বা/এ, ঢাকা।
৮। চেয়ারম্যান, স্থল বন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন, কাওরাণ বাজার, ঢাকা।
৯। চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, আল-আমিন মিলিনিয়াম টাওয়ার, লেভেল-৭, ৭৫-৭৩ কাকরাইল, ঢাকা।
১০। বিভাগ প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
১১। মহা-পরিচালক, নৌ-পরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
১২। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
১৪। যুগ্ম-সচিব (বাজেট), নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, জুলদিয়া, চট্টগ্রাম।
১৬। পরিচালক-১১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেঁজগাও, ঢাকা।
১৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌ-পরিবহন মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৮। সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান(১/২/৩/৪/৫) নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি ঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপ-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। প্রোগ্রামার, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (তাঁকে এডিপি সভার কার্যবিবরণী ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।

E/P-5/ADP.MINTS.LETTER

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ-পরিবহন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয় ঢাকা
www.mos.gov.bd

বিষয় ঃ নৌ-পরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের ২০১৬-২০১৭ অর্থ বছরের এডিপিভুক্ত এবং সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নধীন উন্নয়ন প্রকল্পসমূহের ডিসেম্বর ২০১৬ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | শাজাহান খান, এম পি<br>মাননীয় মন্ত্রী, নৌ-পরিবহন মন্ত্রণালয়। |
| সভার তারিখ | ঃ | ১৬/০২/২০১৭। |
| সময় | ঃ | সকাল ১০.০০ ঘটিকা। |
| স্থান | ঃ | নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ। |

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে সন্নিবেশিত হলো।

০২। মাননীয় মন্ত্রী সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে আলোচ্যসূচি অনুযায়ী সভা শুরু করার অনুরোধ জানান। সচিব মহোদয় বলেন যে, অদ্যকার সভায় ২০১৬-১৭ অর্থ বছরের উন্নয়ন বাজেটে গৃহীত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে। অতঃপর তিনি মন্ত্রণালয়ের যুগ্ম-প্রধানকে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়সমূহ বিস্তারিত উপস্থাপনের জন্য অনুরোধ জানান। যুগ্ম-প্রধান, নৌ-পরিবহন মন্ত্রণালয় সভাকে অবহিত করেন যে, ২০১৬-১৭ বছরের এডিপিতে নৌ-পরিবহন মন্ত্রণালয়ের আওতায় মোট ৩১টি প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত ১৭৩৭.২৬ কোটি টাকার বিপরীতে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৫২১.৩৭ কোটি টাকা যা বরাদ্দের ৩০.০১%। উক্ত অগ্রগতি ২০১৬-১৭ অর্থ বছরের ডিসেম্বর ২০১৬ পর্যন্ত জাতীয় গড় ২৭.২০% এর তুলনায় বেশি। সভাকে অবহিত করা হয় যে, সংস্থার নিজস্ব অর্থায়ন ব্যতীত এডিপির অর্থায়নে বাস্তবায়নাধীন মোট ২০টি উন্নয়ন প্রকল্পের অনুকূলে মোট ১৫০৫.৫৩ কোটি টাকা বরাদ্দ আছে। এর মধ্যে জিওবি ৯২৮.৫৩ কোটি এবং প্রকল্প সাহায্য ৫৭৭.০০ কোটি টাকা। ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৪৯৪.৬৭ কোটি টাকা, যা মোট বরাদ্দের ৩২.৮৬%। সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন ১১টি প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ২৭১.৭৩ কোটি টাকার বিপরীতে ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত ব্যয় হয়েছে ২৬.৭০ কোটি টাকা যা মোট বরাদ্দের ১১.৫২%।

২.২। যুগ্ম-প্রধান, নৌ-পরিবহন মন্ত্রণালয়ের এডিপিভুক্ত প্রকল্পগুলোর সংস্থাভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি এবং প্রকল্পভিত্তিক বিস্তারিত অগ্রগতি উপস্থাপন করেন। সংস্থাভিত্তিক প্রকল্প বাস্তবায়ন অগ্রগতির নিম্নরূপ চিত্র তুলে ধরা হয়ঃ

(লক্ষ টাকায়)

| সংস্থার নাম | প্রকল্প সংখ্যা | ২০১৬-২০১৭ অর্থ বছরের এডিপি বরাদ্দ | জুলাই/১৬ হতে ডিসেম্বর/১৬ পর্যন্ত ব্যয় | |
|---|---|---|---|---|
| | | | মোট | (%) |
| বিআইডব্লিউটিএ | ১০ | ৫৫১৬৩.০০ | ১৪৬৩৬.৯২ | ২৬.৫৩ |
| বিআইডব্লিউটিসি | ৬ | ৮০৭২.০০ | ১০৬৩.১৩ | ১৩.১৭ |
| মোংলা বন্দর কর্তৃপক্ষ | ২ | ৩৫০০.০০ | ১১০০.০০ | ৩১.৪২ |
| স্থল বন্দর কর্তৃপক্ষ | ৩ | ৫২০০.০০ | ১৭৩৯.৪০ | ৪৯.৭০ |
| নৌপম | ২ | ৮৩০৮.০০ | ৫৮২৬.২৩ | ৭০.১২ |
| নৌ-পরিবহন অধিদপ্তর | ১ | ৫৪৭৬.০০ | ৮৪.৮৬ | ১.৫৪ |
| চবক | ৪ | ২৯০০.০০ | ৮৫৯.৫২ | ২৯.৬৩ |
| বিএসসি | ২ | ৬৫১০৭.০০ | ২২১৪০.০০ | ৪৪.১৯ |
| পায়রা বন্দর কর্তৃপক্ষ | ১ | ২০০০০.০০ | ৪৬৮৭.০০ | ২৩.৪৪ |
| উপমোটঃ এডিপি বাস্তবায়ন | ৩১ | ১৭৩৭২৬.০০ | ৫২১৩৭.০৬ | ৩০.০১ |

৩.০। আতঃপর সভায় ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসুচিতে অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি/সমস্যা এবং গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে নিম্নরূপ আলোচনা করা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১ | **পতেঙ্গা কন্টেইনার টার্মিনাল প্রকল্পঃ** সভায় চবকের চেয়ারম্যান জানান যে, পতেঙ্গা কন্টেইনার টার্মিনাল প্রকল্পটির ডিপিপি প্রণয়নের কাজ চলছে। সভাপতি মহোদয় আগামী ১ সপ্তাহের মধ্যে প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন। | আগামী ১ সপ্তাহের মধ্যে প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সংস্থা প্রধান |
| ৩.২ | **প্রকল্প পরিদর্শনঃ** যুগ্ম-প্রধান বলেন, সব প্রকল্প পরিচালক প্রকল্প পরিদর্শন প্রতিবেদন দাখিল করছেননা। সভাপতি মহোদয় আগামী সভার পূর্বে প্রত্যেক প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন দাখিল করার নির্দেশনা দেন। | আগামী সভার পূর্বে প্রত্যেক প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন মন্ত্রনালয়ে দাখিল করতে হবে। | মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা এবং প্রকল্প পরিচালকগণ |
| ৩.৩ | **প্রকল্পের মেয়াদ বৃদ্ধিঃ** সভায় জানানো হয় যে, অন্যান্য বছরের ন্যায় এ বছর মেয়াদ উত্তীর্ণ প্রকল্পসমূহ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বইতে অন্তর্ভুক্ত হবেনা। সেজন্য যেসব প্রকল্পের অনুমোদিত মেয়াদ জুন, ২০১৭ পর্যন্ত কিন্তু প্রকল্পটি উক্ত সময়ে শেষ হবেনা সে সকল প্রকল্পের মেয়াদ মার্চ ২০১৭ এর মধ্যে বৃদ্ধি/সংশোধনসহ মেয়াদ বৃদ্ধি সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | যেসব প্রকল্পের অনুমোদিত মেয়াদ জুন, ২০১৭ পর্যন্ত কিন্তু প্রকল্পটি উক্ত সময়ে শেষ হবেনা সে সকল প্রকল্পের মেয়াদ বৃদ্ধি/সংশোধনসহ মেয়াদ বৃদ্ধির প্রস্তাব আগামী ২৮/০২/২০১৭ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | সংস্থা প্রধানগণ এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.৪ | **আশুগঞ্জ অভ্যন্তরীণ কন্টেইনার নৌ-বন্দর স্থাপনঃ** "আশুগঞ্জ অভ্যন্তরীণ কন্টেইনার নৌ-বন্দর স্থাপন'" শীর্ষক প্রকল্পটি এডিপি থেকে বাদ দিয়ে নতুন প্রকল্প প্রণয়ন করার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন এবং এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টার সাথে পরামর্শ গ্রহণ করার নির্দেশ দেন। | "আশুগঞ্জ অভ্যন্তরীণ কন্টেইনার নৌ-বন্দর স্থাপন'" শীর্ষক প্রকল্পটি এডিপি থেকে বাদ দিয়ে নতুন প্রকল্প প্রণয়ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | সংস্থা প্রধান |
| ৩.৫ | **পায়রা বন্দর কর্তৃপক্ষঃ-** Fast Track প্রকল্প বিধায়, সভাপতি মহোদয় পায়রা বন্দর কর্তৃপক্ষকে প্রতি সপ্তাহে কাজের অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন। সভাপতি মহোদয় প্রকল্পের কাজ সিংহভাগ বাকী থাকার কারণ জানতে চাইলে আগামী ২ সপ্তাহের মধ্যে এ বিষয়ে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | পায়রা বন্দর কর্তৃপক্ষ প্রতি সপ্তাহে কাজের অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করবে। | চেয়ারম্যান পাবক |
| ৩.৬ | ৩৫ টি বাণিজ্যিক জলযান সংগ্রহ ও ২টি নতুন ডক নির্মাণঃ সভাপতি মহোদয় পিইসি সভার পর প্রকল্পটি পুনর্গঠনে বিলম্বের কারণ জানতে চাইলে চেয়ারম্যান বিআইডব্লিউটিসি বলেন যে ২ সপ্তাহের মধ্যে পুনর্গঠিত ডিপিপি মন্ত্রণালয়ে দাখিল করবেন। | ৩৫ টি বাণিজ্যিক জলযান সংগ্রহ ও ২টি নতুন ডক নির্মাণ প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি ২ সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | চেয়ারম্যান বিআইডব্লিউটিসি |

৪.০। মাননীয় মন্ত্রী ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পের যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ ও আন্তরিকতার সাথে কাজ করার জন্য নির্দেশনা প্রদান করেন এবং এজন্য সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ প্রচেষ্টা গ্রহণের নির্দেশ প্রদান করেন। এছাড়া, তিনি প্রকল্পের ক্রয় পরিকল্পনা, কর্মপরিকল্পনা এবং প্রকল্পের প্রতিটি কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। নতুন প্রকল্পগুলো দ্রুত প্রক্রিয়াকরণের নির্দেশনা প্রদান করেন এবং সে অনুযায়ী কার্যক্রম গ্রহণের উপর গুরুত্বারোপ করেন।

৫.০। পরিশেষে সকলকে ধন্যবাদ জনিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শাজাহান খান, এম পি)
মন্ত্রী

E/P-5/ADP.MINTS.LETTER